

কথাবলা | খেলা | পড়া |

সন্তানকে প্রতিদিন সহায়তাদানের অনেক আনন্দদায়ক পন্থা আছে যা তাদের মধ্যে আজীবন পড়ার আগ্রহ তৈরি করবে।

কথাবলা

- প্রশ্ন করুন! ছন্দমিলের শব্দগুলো সম্পর্কে আপনার সন্তানকে জিজ্ঞেস করে দেখুন (“বিড়ালের (Cat) সাথে কোন্ শব্দের ছন্দমিল হয়?”) কিংবা এমন প্রশ্ন করুন যা দিয়ে সংলাপ শুরু করা যায় (“তুমি কেন বইটি পছন্দ করোনি?”)।
- সন্তানকে নেতৃত্বে দিয়ে তাকে অনুসরণ করুন। যদি সে একটি বই নিয়ে বা কোনো বিষয় নিয়ে আলোচনায় আগ্রহী হয়, সেটা নিয়ে কথা বলা অব্যাহত রাখুন!
- আপনারা যদি কোনো মুভি বা টিভি শো একসাথে দেখেন, তাহলে আপনারা কি দেখছেন, তা নিয়ে সন্তানের সাথে কথা বলুন। এ ধরনের প্রশ্ন করুন, যেমন, “চরিত্রটি কি ছিল সুখি মানুষের, না কি দুখী”? কিংবা “এরপর কি ঘটতে যাচ্ছে বলে তুমি মনে করো?”।

এটা চেষ্টা করুন! আপনার সন্তানকে কোন কিছুর অবস্থান কোথায়, তা নিয়ে কথা বলে, যেমন “first” এবং “last,” কিংবা “left” এবং “right” ইত্যাদি নতুন নতুন শব্দ শেখায় সহায়তা দিন। বৈপরীত্য নিয়ে কথা বলুন, যেমন “up” এবং “down”।

খেলা

- শব্দ নিয়ে খেলুন যা আপনার সন্তানকে ধ্বনি শেখায় সহায়তা করবে। বলার চেষ্টা করুন, “আমি আমার ছোট চোখ দিয়ে একটা জিনিস দেখছি যা শুরু হয় ‘f-f-f-f’ (ফ) দিয়ে। তুমি বলতে পারো আমি কি দেখছি?”
- ছন্দ নিয়ে খেলুন! আপনার সন্তানকে একটি ছন্দমিলের শব্দ বলুন এবং সেটি কোন্ প্রাণী, তাকে অনুমান করতে দিন। “আই রাইম উইদ ম্যাট (I rhyme with mat. আই অ্যাম অ্যা...)” আপনারা বাসে, সাবওয়েতে, কিংবা গাড়িতে যাওয়ার সময় এ খেলা খেলতে পারেন।
- ‘বগল’ বা ‘স্ক্যাবল’-জাতীয় বোর্ড গেম খেলুন যা আনন্দ উপভোগের সাথে ছেলেমেয়েদের পাঠ-দক্ষতার উন্নতি ঘটায়। অথবা একটুকরো কাগজে অক্ষর লিখার খেলা খেলতে পারেন এবং যাচাই করতে পারেন সন্তান কোন্ শব্দ লিখতে পারে।

এটা চেষ্টা করুন! একটি বাক্যে শব্দগুলোর সাথে তালি দিন (প্রথমে শুধু একক শব্দাংশ (সিলেবল) আছে, এমন শব্দ ব্যবহার করুন)। তুলনামূলক বয়স্ক ছেলেমেয়েরা শব্দের আলাদা আলাদা ধ্বনির সাথে (c-a-t) তালি দিতে পারে বা দীর্ঘ শব্দের শব্দাংশের সাথে (ad-ven-ture) তালি দিতে পারে।

পড়ুন

- আপনার স্থানীয় পাঠাগারে যান। সেখানে থাকাকালে আপনি অনেক শিশুতোষ বই পড়তে পারেন, অথবা আপনার সন্তান বাড়িতে যাতে সেগুলো পড়তে পারে, সেজন্য ধার নিতে পারেন। লাইব্রেরি কার্ডের জন্য নাম তালিকাভুক্তি খুবই সহজ ও ফ্রি!
- একসাথে উচ্চারণ করে বই পড়ুন, যে কোন ভাষায়। আপনার সন্তানকে তার আগ্রহের বিষয়ে বই বাছাই করতে দিন!
- যখন একসাথে বাইরে যাবেন, বিলবোর্ড, দোকানের সামনের লেখা, রাস্তার ফলক বা গ্রোসারি স্টোরের পণ্যের লিখা পড়তে পারে কি না, সন্তানকে প্রশ্ন করুন।

এটা চেষ্টা করুন! আপনার সন্তান ইতোমধ্যে পড়তে পারলে পালাক্রমে পড়ুন! অর্ধেক পৃষ্ঠা পড়ুন এবং বাকি অর্ধেক আপনার সন্তানকে পড়তে বলুন। প্রশ্ন করুন, “গল্পটি কী নিয়ে?” কিংবা “চরিত্রটিকে তোমার পছন্দ হয়েছে কি? “কেন?”!”

T&I 28170 (Bengali)

কথাবলা | খেলা | পড়া |

পাঠ শুরু করতে পরিবারের সবাই ব্যবহার করতে পারেন,
এমন অনেক উপকরণ সেখানে রয়েছে!

আপনার স্মার্টফোন, ট্যাবলেট, বা কমউটারে ফ্রি বই পড়তে myON ব্যবহার করুন।

ডিজিটাল লাইব্রেরি myON-এ স্প্যানিশসহ 6 হাজারেরও বেশি বই আছে, এবং myOn নিউজ প্রতিদিন বয়স অনুযায়ী প্রবন্ধ প্রকাশ করে। সব বয়সী ছেলেমেয়ে আছে যে পরিবারে, তারা 9/30/18 তারিখ পর্যন্ত ফ্রি ব্যবহার করতে পারবেন।

www.myon.com (K-2 গ্রেডের জন্য, ইউজারনেম "nycb" এবং পাসওয়ার্ড "myon")

আপনার স্থানীয় পাঠাগারে যান

আপনার সন্তানের সাথে পড়তে, বাড়ির জন্য বই ধার নিতে, কিংবা ফ্রি প্রোগ্রামে অংশ নিতে পারবেন। লাইব্রেরি বা বাড়িতে ডাউনলোড করার জন্যও অনলাইনে অনেক কিছু রয়েছে।

ম্যানহ্যাটন, ব্রুক্লিন, এবং স্ট্যাটেন আইল্যান্ডে

আপনার নিকটবর্তী লাইব্রেরি খুঁজে নিন: www.nypl.org/locations/map অথবা ফোন করুন (917) ASK-NYPL
প্রারম্ভিক পাঠকদের জন্য পাঠসামগ্রী খুঁজে নিন: www.nypl.org/education/parents

ব্রুকলিনে

আপনার নিকটবর্তী লাইব্রেরি খুঁজে নিন: www.bklynlibrary.org/locations অথবা 718-230-2100 নম্বরে কল করুন
পাঠসামগ্রী ও ফ্রি প্রোগ্রাম খুঁজে নিন: www.bklynlibrary.org/learn/kids

কুইন্সে

আপনার নিকটবর্তী লাইব্রেরি খুঁজে নিন: www.queenslibrary.org/ql_findabranh অথবা 718-990-0728 নম্বরে কল করুন
পাঠসামগ্রী ও ফ্রি প্রোগ্রাম খুঁজে নিন: www.queenslibrary.org/kids

রিডিং রকেট (Reading Rocket-এর সহজ ব্যবহার্য উপকরণ ব্যবহার করুন)

গ্রীষ্ম জুড়ে পাঠ সম্পর্কে পরামর্শ পেতে পারেন। গ্রীষ্ম জুড়ে সাক্ষরতা সামগ্রী পেতে আপনার মোবাইল থেকে শুধু READING লিখে 41411 নম্বরে টেক্সট মেসেজ দিন বা অনলাইনে সাবস্কাইব করুন। www.startwithabook.org/sms

প্রতিবন্ধিতাযুক্ত ছেলেমেয়েদের পিতামাতাসহ সকল পিতামাতাদের জন্য বহু ভাষায় পাঠবিষয়ক পরামর্শ গ্রহণ করুন।
www.readingrockets.org/article/reading-tips-parents-multiple-languages

সন্তানদের সাথে উপভোগ্য, শব্দ করে পাঠ করা ভিডিও দেখুন এবং সাক্ষরতা বিষয়ক গেম খেলুন

'Storyline Online'-এর অনেকগুলো ছেলেমেয়েদের বইয়ের ভিডিও আছে যা অভিনেতারা আনন্দদায়ক ও আকর্ষণীয় করে পাঠ করেছেন। www.storylineonline.net/

'Reading Pioneers'-এর ইউটিউব চ্যানেলে অ্যানিমেটেড বই পাঠের বিশাল সংগ্রহ রয়েছে।
www.youtube.com/readingpioneers

'Unite for Literacy'-এর অনেকগুলো ভাষায় ধারাবর্ণনাসহ বই আছে।
www.uniteforliteracy.com/

'PBS Kids'-এর শিশুশিক্ষামূলক গেম রয়েছে যেখানে এমনসব টিভি চরিত্র উপস্থিত থাকে, যা আপনার সন্তানের পরিচিত হতে পারে।
pbskids.org/games/

www.schools.nyc.gov/earlyliteracy